

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪০/২০১৩

তারিখঃ ২১/০৪/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

০৮ বৈশাখ, ১৪২০ বাংলা।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (পরিবহন) এর বিজ্ঞপ্তি নং-০৭/২০১৩, তারিখ-১৬/৪/২০১৩ ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

কাজী মাহমুদ ইমাম (বিলু)

ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (পরিবহন) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং-০৭/২০১৩

তারিখ-১৬/০৪/২০১৩

বিষয় :- চট্টগ্রাম বন্দরে সংরক্ষিত আমদানীকৃত রাউন্ডলগ (Round Log) এর উপর স্বাভাবিক ভাড়ার ৪(চার) গুন হারে রেন্ট আরোপ প্রসঙ্গে।

১। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত রাউন্ডলগ (Round Log) দীর্ঘদিন যাবৎ সংশ্লিষ্ট আমদানীকারক কর্তৃক ডেলিভারী না নেওয়ার কারণে বন্দরের অপারেশনাল কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়ায় ইতিপূর্বে Round Log এর উপর স্বাভাবিক ভাড়ার দ্বিগুন হারে রেন্ট আরোপ করা হয়। কিন্তু সংশ্লিষ্ট আমদানীকারকগণ ইহাতেও উল্লেখযোগ্য হারে Round Log ডেলিভারী নিতে এগিয়ে আসেননি, যার ফলে বন্দর সংরক্ষিত এলাকায় পণ্য জটের উন্মুক্তি হয়নি। এতে জাহাজের কাজে ব্যাপক প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। বন্দর অভ্যন্তরে জিসিবি এলাকায় (General Cargo Area) Round Log হ্যান্ডলিংসহ বিভিন্ন অপারেশনাল কাজে গতিশীলতা বৃদ্ধির মাধ্যমে শিপিং এজেন্ট/মালিক, আমদানী ও রপ্তানীকারকগণসহ ব্যবহারকারীদের অধিকতর সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে Free Time এর মধ্যে তাদের স্ব স্ব কনসাইনমেন্ট (Round Log) দ্রুত ডেলিভারী নেওয়ার জন্য আমদানীকারকগণকে পুনরায় অনুরোধ করা গেল।

২। Free Time এর মধ্যে রাউন্ডলগ (Round Log) ডেলিভারী নিতে ব্যর্থ হলে এবং বন্দর অভ্যন্তরে কার্গো জট পরিস্থিতির উন্মুক্তি না হলে আগামী ২৫/৪/২০১৩ইং তারিখ হতে বন্দর কর্তৃপক্ষের সিডিউল অব চার্জেস এ বর্ণিত টেরিফ (Tariff) নং-২৬ এর নোট (X) এবং (Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001 মোতাবেক স্বাভাবিক ভাড়ার দ্বিগুনের স্থলে ৪(চার) গুন হারে রেন্ট আরোপ হবে।

৩। এমতাবস্থায়, বন্দরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সহায়তা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট আমদানীকারকগণকে Free Time এর মধ্যে দ্রুত বন্দর থেকে আমদানীকৃত রাউন্ডলগ (Round Log) ডেলিভারী গ্রহণের জন্য পরামর্শ দেয়া হচ্ছে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা গেল।

স্বাক্ষরিত/-

পরিচালক (পরিবহন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/পেনালরেন্ট/২০১১/৫১৬

তারিখ-১৬/৪/২০১৩ইং।